

★ **স্বল্পকালীন উৎপাদন ব্যয়:** স্বল্পকালে স্থির ও পরিবর্তনশীল উপকরণের জন্য যে ব্যয় হয় তাকে স্বল্পকালীন উৎপাদন ব্যয় বলে।

★ **দীর্ঘকালীন উৎপাদন ব্যয়** দীর্ঘকালে পরিবর্তনশীল উপকরণের জন্য যে ব্যয় হয় তাকে দীর্ঘকালীন উৎপাদন ব্যয় বলে।

★ **মোট স্থির ব্যয়:** উৎপাদন বন্ধ থাকলেও যে ব্যয় বহন করতে হয় তাকে মোট স্থির ব্যয় বলে।

★ **মোট পরিবর্তনীয় ব্যয়:** উৎপাদনের পরিমাণ পরিবর্তনের সঙ্গে সঙ্গে যে ব্যয়ের পরিবর্তন ঘটে তাকে মোট পরিবর্তনীয় ব্যয় বলে।

$$TC = \text{মোট ব্যয়} = TFC + TVC$$

$$TFC = \text{মোট স্থির ব্যয়}$$

$$AFC = \text{গড় স্থির ব্যয়} = \frac{TFC}{Q}$$

$$TVC = \text{মোট পরিবর্তনীয় ব্যয়}$$

$$AVC = \text{গড় পরিবর্তনীয় ব্যয়} = \frac{TVC}{Q}$$

$$SAC = \text{স্বল্পকালীন গড় ব্যয়}$$

$$AC = \text{গড় ব্যয়} = AFC + AVC$$

$$LAC = \text{দীর্ঘকালীন গড় ব্যয়}$$

$$MC = \text{প্রান্তিক ব্যয়} = \frac{\Delta TC}{\Delta Q}$$

$TP$  এর ক্রমবর্ধমান মান


$$TC = 10, 25, 55 \therefore MC = 10, 15$$

সূচির মাধ্যমে  $TFC$  ও  $TVC$  এর মধ্যে সম্পর্ক অথবা  $TC$ ,  $TFC$  ও  $TVC$  এর মধ্যে সম্পর্ক ব্যাখ্যা করা হল:

$Q$	$TFC$	$TVC$	$TC$
১	৩০	১৫	৪৫
২	৩০	১৮	৪৮
৩	৩০	২২	৫২
৪	৩০	৩০	৬০
৫	৩০	৩৬	৬৬
৬	৩০	৪০	৭০

সূচি হতে দেখা যায় যে, স্বল্পকালে মোট ব্যয় হলো মোট স্থির ব্যয় ও মোট পরিবর্তনীয় ব্যয়ের সমষ্টি।

★চিত্রের মাধ্যমে  $TFC$ ,  $TVC$  ও  $TC$  এর মধ্যে সম্পর্ক দেখানো হল:



চিত্রে ভূমি অক্ষে উৎপাদনের পরিমাণ ( $Q$ ) ও লম্ব অক্ষে ব্যয় ( $C$ ) ধরা হয়েছে।  $A$  বিন্দুতে  $TFC$  স্থির, ফলে  $TFC$  রেখা ভূমি অক্ষে সমান্তরাল। অন্যদিকে দেখা যায় যে  $TVC$  প্রথমে ক্রমহ্রাসমান হারে বৃদ্ধি পায় ও পরবর্তীতে ক্রমবর্ধমান হারে বাড়ে, ফলে  $TC$  রেখা প্রথমে ক্রমহ্রাসমান ও পরে ক্রমবর্ধমান হারে বাড়ে। যা  $TC$  ও  $TVC$  রেখা দ্বারা দেখানো হয়েছে। তাই বলা যায়  $TC = TFC + TVC$ ।